112037 - স্বর্ণের ব্যবসায়ীরা যা করে সেটার হুকুম কী— তারা পাইকারী ব্যবসায়ীর কাছ থেকে স্বর্ণ নিয়ে এবং সেটার মূল্য কয়েক কিস্তিতে পরিশোধ করে

প্রশ্ন

আমি তৈরীকৃত স্বর্ণ ক্রয়-বিক্রির ব্যবসাতে নিয়োজিত একজন ব্যক্তি। আমরা আমদানিকারক পাইকারী বিক্রেতাদের কাছ থেকে স্বর্ণ ক্রয় করি এবং কয়েক কিস্তিতে তাদেরকে মূল্য পরিশোধ করি। আমরা যে পদ্ধতিতে লেনদেন করি এবং এই পেশাতে নিয়োজিত সকলে লেনদেন করে এটি কি হালাল; নাকি হারাম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি তৈরীকৃত স্বর্ণের লেনদেনের প্রকৃত অবস্থা এমনই হয় যেমনটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে তাহলে এই পদ্ধতিতে লেনদেন করা হারাম; যদি ক্রয়কৃত স্বর্ণের মূল্য স্বর্ণ বা রৌপ্য মুদ্রায় কিংবা এ দুটোর স্থলাভিষিক্ত কাগুজে মুদ্রায় কিস্তিতে পরিশোধ করা হয়। যেহেতু এর মধ্যে নাসা সুদ (যে সুদ পেমেন্ট বিলম্ব করার প্রেক্ষিতে দেয়া হয়) রয়েছে। এই লেনদেনে ফাদল সুদ ও নাসা সুদ উভয়টিও একত্রিত হয়ে যেতে পারে; যদি যা ক্রয় করা হয়েছে এবং মূল্য হিসেবে যা পরিশোধ করা হয়েছে উভয়টি এক জাতীয় হয়। যেমন- উভয়টি স্বর্ণ হওয়া এবং ওজনের দিক থেকে উভয়টি সমান না হওয়া এবং পেমেন্ট কিস্তিতে করা হয়।

আল্লাহ্‌ই তাওফিকের মালিক এবং আমাদের নবী মুহাম্মদ এর প্রতি এবং তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।[সমাপ্ত]

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ্‌ বিন গাদইয়ান, শাইখ আব্দুল্লাহ্‌ বিন কুয়ুদ।

ফাতাওয়াল লাজনাদ দায়িমা (১৩/৪৬৭)